



MINISTRY OF CIVIL  
AVIATION AND TOURISM



- ৬.৪. পর্যটকের স্বাস্থ্যবিধি ও সুরক্ষার সচেতনতার জন্য পর্যটন তথ্য কেন্দ্রের কর্মী কর্তৃক মোবাইল অ্যাপস ইন্সটল করা এবং হালনাগাদ পর্যটন সেবা সম্পর্কিত তথ্য প্রদান নিশ্চিতকরণ।
- ৬.৫. নগদ অর্থ লেনদেন হ্রাস করার জন্য ব্যাংক কর্মীগণ কর্তৃক গ্রাহকদের অন-লাইন পেমেণ্ট এবং কার্ডের মাধ্যমে অর্থ প্রদান উৎসাহিত করা।
৭. নিরাপত্তা সেবা
- ৭.১. পর্যটকদের ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (মাফ, গ্লাভস, স্যানিটাইজার ইত্যাদি) ব্যবহার নিশ্চিত করা।
- ৭.২. পর্যটকদের পরিবহন ব্যবস্থায় স্বাস্থ্য সুরক্ষা বিধি প্রতিপালন হচ্ছে কিনা তা পরীক্ষা করা।
- ৭.৩. আলিঙ্গন ও করমর্দন করা থেকে বিরত থাকা এবং স্পর্শহীনভাবে অভিবাদন করা।
- ৭.৪. ইমিগ্রেশন ও অন্যান্য কার্যক্রম সমাপ্তির পর পর্যটককে মনোনীত ট্রান্সপোর্ট পিক-আপ অথবা বন্দরে স্বাগত জানাতে আসা ব্যক্তির সাক্ষাৎ প্রাপ্তিতে সহযোগিতা করা।
৮. সাক্ষাৎ এবং অভিবাদন
- ৮.১. করমর্দন ও আলিঙ্গন এড়িয়ে চলা এবং আসসালামু আলাইকুম/নমস্কার/ শুভ সকাল/ শুভ অপরাহ্ন/ শুভসন্ধ্যা ইত্যাদি এবং স্থানীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ অভিবাদন করা।
- ৮.২. বিমানবন্দর, স্থলবন্দর, সমুদ্রবন্দর ও নৌবন্দরে বিদেশি পর্যটক ও ভ্রমণকারীকে গ্রহণ করতে আসা ব্যক্তির সুরক্ষা উপকরণ থাকা এবং স্বাস্থ্য বিধি অনুসরণ নিশ্চিত করা।
৯. বিমানবন্দর, স্থলবন্দর এবং সমুদ্রবন্দর ও নৌবন্দর কর্তৃপক্ষের জারিকৃত অন্যান্য নির্দেশনাবলি অনুসরণ করা।
- [বি: দ্র: এই নির্দেশিকা পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু করার নির্দেশিকা নয়, বরং উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশে যখন পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু হবে তখন এই নির্দেশিকা অনুসরণ করা আবশ্যিক হবে]

**Bangladesh Tourism Board**  
(National Tourism Organization)

BSL Office Complex (Hotel InterContinental), Level-3  
Building-2, 1 Minto Road, Dhaka-1000, Bangladesh  
[www.tourismboard.gov.bd](http://www.tourismboard.gov.bd)  
[www.beautifulbangladesh.gov.bd](http://www.beautifulbangladesh.gov.bd)

কোভিড ১৯ চলাকালে  
বিমানবন্দর, স্থলবন্দর, সমুদ্রবন্দর ও  
নৌবন্দরের জন্য অনুসরণীয় নির্দেশিকা



বাংলাদেশ ট্যুরিজম বোর্ড  
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

## ১. আগমনের স্থান

- ১.১. বর্তমান পরিস্থিতি সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানসহ আগমন ও প্রস্থানের লাউঞ্জ বা টার্মিনালের সমস্ত সেবা কর্মীদের জন্য মাস্ক, ফেস শিল্ড, গগলস, ডিসপোজেবল ক্যাপ, হ্যান্ড স্যানিটাইজার ইত্যাদি ব্যবহার নিশ্চিত করা।
- ১.২. ভ্রমণকারীর দেহ, লাগেজ এবং ভ্রমণ বিষয়ক কাগজপত্র ও ডকুমেন্টস জীবাণুমুক্ত করা।
- ১.৩. পর্যটকদের প্রবেশের স্থানে তাপমাত্রা পরীক্ষা করা এবং ডিজিটাল ইনফ্রারেড থার্মোমিটার রাখা। আগমনের সময় স্বাসকষ্টের লক্ষণ যেমন: কাশি বা সর্দি বা শ্বাসকষ্ট সম্বলিত অতিথিদের চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা করা।
- ১.৪. আগমন এবং প্রস্থানের সময় মানব যোগাযোগ হ্রাস করা এবং সর্বদা সর্বনিম্ন এক মিটার দূরত্ব বজায় রাখা নিশ্চিত করা।
- ১.৫. ছুইল চেয়ার ব্যবহারকারী বিশেষ চাহিদাসম্পন্ন যাত্রী যেমন: শিশু, বয়স্ক যাত্রীদের সেবা প্রদানকারী কর্মীদের স্বাস্থ্য সুরক্ষার নির্দেশনা প্রতিপালন করা এবং স্যানিটাইজেশন নিশ্চিত করা।
- ১.৬. বিমানবন্দর, স্থলবন্দর, সমুদ্রবন্দর ও নৌবন্দরে ভ্রমণকারী ও পর্যটকদের জন্য স্বাস্থ্য পরীক্ষা এবং ফলোআপ সেন্টার স্থাপন করা।

## ২. ইমিগ্রেশন স্থান

- ২.১. পূর্ব নিরীক্ষিত মেডিকেল রিপোর্ট, পর্যটকদের ভ্রমণ পরিকল্পনা ও থাকার জায়গা এবং ব্যক্তিগত বিবরণী সংগ্রহ করা।
- ২.২. পর্যটক যেখান থেকে আসছেন বা সর্বশেষ ভ্রমণকৃত দেশের নামসহ ভিসা বিবরণী সংগ্রহ করা।
- ২.৩. আগত প্রত্যেক যাত্রীর কোভিড-১৯ সম্পর্কিত স্বাস্থ্য ঘোষণা ফর্ম পূরণ নিশ্চিত করা।
- ২.৪. কোভিড-১৯ পরীক্ষার রিপোর্ট যাচাইপূর্বক ইমিগ্রেশন সম্পন্ন হলে হোটেল, যানবাহন বা অন্য কোথাও উপস্থাপনের জন্য রিপোর্টটি যাত্রীকে ফেরত প্রদান করা।

## ৩. লাগেজ সংগ্রহ প্রক্রিয়া

- ৩.১. লাগেজ ব্যবস্থাপনাকারী কর্মীদের গ্লাভস, মাস্ক, গগলস ব্যবহার নিশ্চিত করা অথবা যাত্রী কর্তৃক লাগেজ জীবাণুনাশক পয়েন্ট থেকে নিজেই সংগ্রহ ও বহন করা।

- ৩.২. লাগেজ বেট, ট্রলি, ব্যাগেজ স্ক্যানার, লোডিং/অফলোডিং অঞ্চল ইত্যাদি নিয়মিত ও সঠিকভাবে জীবাণুমুক্তকরণ নিশ্চিত করা।

## ৪. ভ্রমণকারী কর্তৃক ব্যবহৃত সাধারণ সুবিধাদি

- (ওয়াশ রুম, ওয়েটিং রুম, লবি, লাউঞ্জ, চেক-ইন কাউন্টার, ইমিগ্রেশন কাউন্টার, মানি এক্সচেঞ্জ ইত্যাদি)
- ৪.১. পানির ট্যাপ, পানির ঝরনা, সকল ধরনের সুরক্ষা স্ক্রিনিং অঞ্চল, যোগাযোগ এবং অন্যান্য প্রয়োজনীয় টাচ স্ক্রিন, দরজা, হ্যান্ডেল, আসন এবং কভার, ফ্ল্যাশ ওয়াশ বেসিন, দরজার নব, বাটন, সুইচ ইত্যাদির মতো স্পর্শ পয়েন্টসহ ভ্রমণকারী কর্তৃক ব্যবহৃত স্থান যেমন: ওয়েটিং রুম, লবি, লাউঞ্জ, চেক-ইন কাউন্টার, ইমিগ্রেশন কাউন্টার, মানি এক্সচেঞ্জ স্থান নিয়মিতভাবে (প্রতি ৩০ মিনিট অন্তর) জীবাণুমুক্ত ও ব্যবহারকারীদের নিরাপদ দূরত্ব বজায় রাখা নিশ্চিত করা।
  - ৪.২. টয়লেট পেপার, টিসু পেপার, ড্রায়ার এবং তরল সাবান ইত্যাদির সহজ লভ্যতা সর্বদা নিশ্চিত করা।
  - ৪.৩. ক্লিনিং এজেন্টদের বা ক্লিনিং কর্মীদের কাজের গুণগত মান নিয়মিত মূল্যায়ন করা।

## ৫. ডিউটি ফ্রিশপ ব্যবহার

- ৫.১. ক্রেতাগণের মধ্যে সর্বদা কমপক্ষে ০১ (এক) মিটার ব্যবধান নিশ্চিত করা এবং এ জন্য দোকানে অবস্থানকৃত ক্রেতার সংখ্যা সীমিত করা।
- ৫.২. অর্থপ্রদান প্রক্রিয়া সহজতর ও গতিময় করতে নগদ টাকা গ্রহণ হ্রাস করা; নগদহীন বা ভার্চুয়াল পেমেন্টে উৎসাহিত করা।
- ৫.৩. দোকানে প্রবেশ করার সময় হাত স্যানিটাইজ করা এবং যতটা সম্ভব কোন কিছুর উপর স্পর্শ করা এড়িয়ে চলা।
- ৫.৪. কেনাকাটা করার সময় বুড়ি বা ট্রলি ব্যবহারের পূর্বে হাতল স্যানিটাইজ করা।

## ৬. পর্যটন তথ্য কেন্দ্র ও ব্যাংক

- ৬.১. সকল দর্শনার্থী, কর্মী ও কাস্টমারকে ফেস মাস্ক এবং অন্যান্য সুরক্ষা সামগ্রী পরিধান নিশ্চিত করা।
- ৬.২. সকল দর্শনার্থী, কর্মী ও কাস্টমারকে ভ্রমণ সম্পর্কিত নির্দেশিকা ব্রশিউর সরবরাহ ও ব্যাখ্যা করা।
- ৬.৩. পর্যটন তথ্য কেন্দ্রে সুরক্ষা ব্যবস্থা সম্পর্কিত অডিও-ভিডিও প্রদর্শন নিশ্চিত করা।